

উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ ইং এর ১২(৩) ধারার বিধান মতে

“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নামঃ গিয়াস উদ্দিন, পিতা: মৃত খবির উদ্দিন মোল্লা, মাতা: সালেহা খাতুন, স্থায়ী ঠিকানা: সাং গ্রামঃ রহমান মঞ্জিল, উত্তর ত্রিশ, ডাকঘরঃ কোম্পানীগঞ্জ, থানা: মুরাদনগর, জেলা: কুমিল্লা, বর্তমান ঠিকানাঃ গ্রামাঃ রহমান মঞ্জিল, উত্তর ত্রিশ, ডাকঘরঃ কোম্পানীগঞ্জ, থানা: মুরাদনগর, জেলা: কুমিল্লা, তার নিজ মালিকানাধীন “মেসার্স ব্রাদার্স ট্রেড ইন্টারন্যাশনাল”, ব্যবসায়িক ঠিকানাঃ স্কুল মার্কেট, মুরাদনগর বাজার, থানাঃ মুরাদনগর, জিলাঃ কুমিল্লা নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক লিমিটেড, কোম্পানীগঞ্জ শাখা, কুমিল্লা হতে সিসি (হাইপো) ঋণ গ্রহণ করেছিলেন, যা মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপি ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসাবে তাহার নিজ নামীয় নিম্নে উল্লেখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। বারবার তলব ও তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহীতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। গত ৩১/০৮/২০২২ ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা টাকা ৭,৪৯,৪২৯.৬৩ (সাত লক্ষ ঊনপঞ্চাশ হাজার চারশত ঊনত্রিশ টাকা তেত্রিশ পয়সা) মাত্র। ঋণ নেয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগণ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার/তাদের প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসীল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক যে কোন একটি তফসীল অথবা সকল তফসীলে দরপত্রে অংশগ্রহণ করতে পারবে, যাহা আগামী ১৪/১১/২০২২ ইং তারিখ বেলা ১২ (বার) ঘটিকার মধ্যে ব্যাংকের ব্যাংক লিমিটেড, কোম্পানীগঞ্জ শাখা, কুমিল্লা এ রক্ষিত বাস্তব দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে সরাসরি/রেজিস্ট্রি ডাকযোগে উক্ত শাখায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ২ (দুই) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক লিমিটেড এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে :-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	দরপত্রের বাকী টাকা পরিশোধের সময়সীমা
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ)দিন
টাকা ১০,০০,০০১/- হইতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট)দিন
টাকা ৫০,০০,০০০/-এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই)দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপরিাপ্ত বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাইবেনা। এ ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

সম্পত্তির তফসীল

Registered Mortgage of 4.35 decimal agriculture vacant lands appertaining to dag/plot no CS-4151, R.S- 4151, BS-10269, Khatian No. CS-549, RS-802, BS (DP)-208, RS Mutation No-4703,BS Mutation No-4179, JL-85 (old),91(New)under Mouza- Bakhornagar, Upozila- Muradnagar, PS- Muradnagar, District-Cumilla, Pouroshova/Union-14 No East Nabipur Union owned by Md. Gias Uddin (Borrower himself).

আঞ্চলিক প্রধান

ও

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।